বাংলাদেশের তিস্তা প্রকল্পসহ চীনা যুদ্ধবিমান ইস্যুতে নজর নয়াদিল্লির



ছবি: সংগৃহীত

তিস্তা নদী প্রকল্পে চীনের সহযোগিতার আশ্বাসের পর এ নিয়ে নিজেদের অবস্থান পুনর্ব্যক্ত করেছে ভারত। একই সঙ্গে বাংলাদেশের সম্ভাব্য চীনা যুদ্ধবিমান কেনার বিষয়েও নজর রাখছে নয়াদিল্লি।

শুক্রবার (৩ জুলাই) ভারতের পররাষ্ট্র মন্ত্রণালয়ের ব্রিফিংয়ে মুখপাত্র রণধীর জয়সওয়াল বলেন, তিস্তা প্রকল্প নিয়ে ভারতের অবস্থান আগেই বাংলাদেশকে জানানো হয়েছে। প্রকল্প-সংক্রান্ত সাম্প্রতিক অগ্রগতিও তারা পর্যবেক্ষণ করছে।

সম্প্রতি প্রধানমন্ত্রী তারেক রহমানের চীন সফরে বেইজিং তিস্তা নদী ব্যবস্থাপনায় সহযোগিতার আগ্রহ প্রকাশ করে। এরপরই এ বিষয়ে ভারতের আনুষ্ঠানিক প্রতিক্রিয়া আসে।

ভারতের দৃষ্টিতে তিস্তা শুধু একটি নদী নয়, কৌশলগতভাবেও গুরুত্বপূর্ণ। কারণ নদীটি শিলিগুড়ি করিডোরের কাছাকাছি হওয়ায় বিষয়টি নিরাপত্তার সঙ্গে সম্পর্কিত বলে মনে করছে নয়াদিল্লি।

দীর্ঘদিন ধরে তিস্তার পানি বণ্টন নিয়ে দুই দেশের আলোচনা চললেও এখনো স্থায়ী সমাধান হয়নি। এর মধ্যেই প্রকল্পে চীনের সম্পৃক্ততা নতুন করে আঞ্চলিক কূটনৈতিক আলোচনায় গুরুত্ব পেয়েছে।